র্যাবের অভিযানে গাংনীতে মাদক সহ আটক-১

মাদক বিরোধী এক অভিযানে মাদক ও মাদক বিক্রির টাকাসহ মোঃ সিদ্দিক আলী (৬০) নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে র্যাব। আটককৃত মোঃ সিদ্দিক আলী (৬০) গাংনী উপজেলার খাসমহল গ্রামের মৃত আনছার আলীর ছেলে। আজ সোমবার এক প্রেস রিলিজের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন র্যাব সিপিসি ১২ গাংনী ক্যাম্পের কমান্ডার মোঃ মনিরুজ্জামান।

প্রেস রিলিজে জানানো হয়েছে, ১৪ জানুয়ারী রাত সাড়ে ৬ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে একটি অভিযান পরিচালিত হয়। এসময় সিপিসি-মেহেরপুর ক্যাম্পের একটি দল মেহেরপুর জেলার গাংনী থানাধীন ১ নম্বর কাথুলি ইউনিয়নের খাসমহলে মোঃ সিদ্দিক আলী এর চায়ের দোকানের সামনে ৩ গ্রাম হেরোইনসহ সিদ্দিক আলীকে গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে মাদক বিক্রয়ের নগদ ১৬ হাজার টাকা জব্দ করা হয়।

মো: মনিরুজ্জামান জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে মোঃ সিদ্দিক আলী মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিক্রয়ের কথা স্বীকার করেছে। গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

চুয়াডাঙ্গা মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল সহ আটক ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ৫৩ (তিপ্পান্ন) বোতল ফেন্সিডিল ও মাদক বহনকারী মোটরসাইকেল সহ এক জনকে গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোঃ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই (নিঃ) শিহাব উদ্দিন, এসআই(নিঃ) সাজ্জাদ হোসেন, এসআই(নিঃ)সুমন্ত বিশ্বাস, এসআই(নিঃ) মুহিদ হাসান, এএসআই(নিঃ) রমেন কুমার,এএসআই(নিঃ) রজিবুল হক জেলা গোয়েন্দা শাখার ফোর্সসহ মাদক বিরোধী অভিযানে মঙ্গলবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন ভিমরুল্লা নতুন শাহী মসজিদের সামনে দামুড়হুদা টু চুয়াডাঙ্গাগামী পাকা রাস্তার উপর হতে ধৃত আসামী দামুড়হুদা থানার কুতুবপুর মাঝেরপাড়ার মৃত তোফাজ্জেল হোসেনের ছেলে আসামি মোঃ ওয়ালিদ হোসেন(৪২) গ্রেফতার পূর্বক আসামীর হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ৫৩ (তিপ্পান্ন) বোতল মাদকদ্রব্য ফেন্সিডিল, যার মূল্য অনুমান-১,০৬,০০০ টাকা ও মাদক বহনকারী লাল-কালো রংয়ের Discover-125cc মোটরসাইকেল উদ্ধার পূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

মেহেরপুরে ২৫০ পিস ইয়াবাসহ আটক ১

মেহেরপুর-কাথুলী সড়কের আবুল খায়ের তামাক কোম্পানির সামনে থেকে ২৫০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আপেল ওরফে মামুন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে জেলা গোয়েন্দা পুলিশের এসআই নূর মোহাম্মদ মোস্তফা, এস আই কাজী মহসিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটক আপেল ওরফে মামুন সদর উপজেলার উজলপুর গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে। জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল আলম এ

তথ্য নিশ্চিত করেছেন।

আটক মামুনের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে

চুয়াডাঙ্গার হরিশপুরের ফেনসিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা সদরের বেগমপুর-হরিশপুরের আজিজুলকে ফেনসিডিলসহ গ্রেফতার করেছে পুলিশ।

আজ বুধবার তাকে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ গ্রেফতার করেন। গ্রেফতারকৃত আজিজুল চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের হরিশপুর উত্তর পাড়ার মৃত আজাদ আলীর ছেলে।

পুলিশ জানায়, আজ বুধবার দুপুর আড়াইটার দিকে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে গোয়েন্দা শাখার এসআই মোহাম্মদ শিহাব উদ্দিন, এএসআই আবেদুর রহমান সহ সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন কোটালী বাজার- বেগমপুরগামী পাকা সড়কের উপর।

এসসয় সড়কের ফুরশেদপুর কাঁচা রাস্তার উপর হতে আজিজুল (৫২) নামের ব্যাক্তির হেফাজত হতে আমদানী নিশিদ্ধ ভারতীয অবৈধ মাদকদ্রব্য ৩৪ বোতল ফেনসিডিল উদ্ধার সহ তাকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের হরিশপুর উত্তর পাড়ার বাসিন্দা ও মৃত আজাদ আলীর ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উদ্দিন ও মাহফুজ নামের দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। এ ছাড়াও বিদেশি মদ পাচারের সময় তাদের কাছে থাকা ইজিবাইকটি ডিবি পুলিশ তাদের হেফাজতে নেয়।

আটককৃত মহির উদ্দিন (৪০) মেহেরপুর পৌরসভার ৪নং ওয়ার্ড কালাচাঁদপুরের জাদুর ছেলে ও মাহফুজ (২১) একই এলাকার বাবর আলীর ছেলে।

মেহেরপুর ডিবি পুলিশের এস আই মহাসিনের নেতৃত্বে একটি চৌকষ দল মাদক ব্যবসায়ীদের আটক করে।

মেহেরপুরে ৮৭ পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরে র্যাবের অভিযানে ৮৭ পিস ইয়াবা ট্যাবলেট সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী র্যাব সিপিসি ১২ র একটি দল।

গতকাল সোমবার (১৮ ডিসেম্বর) রাত ১০ টার দিকে গাংনী থানার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর সাকিনস্থ এলাকায় অভিযান চালিয়ে আনিছুর রহমান হিড়কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী মোঃ আনিছুর রহমান হিড়(৩৩),গাংনী থানার মোহাম্মদপুর বাগানপাড়া গ্রামের মোঃ আসাদুল হিড়ের ছেলে।

গাংনী র্যাব সিপিসি ১২ ক্যাম্পের কোম্পানীর কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান বলেন, অতিরিক্ত ডিআইজি (অধিনায়ক র্যাব-১২) মোঃ মারুফ হোসেন পিপিএমের নির্দেশনায় একটি চৌকষ দল গাংনী থানার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর সাকিনস্থ এলাকায় অভিযান পরিচালনা করে ৮৭ (সাতাশি) পিস ইয়াবা ট্যাবলেট সহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে।

আজ মঙ্গলবার সকালের দিকে গ্রেফতারকৃত আসামীকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে ৫ কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করতে থানা পুলিশের নিয়মিত মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে মুজিবনগরে ৫ কেজি গাঁজা সহ রাজু আহমেদ নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছেন থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্তের নির্দেশে মুজিবনগর মেহেরপুর প্রধান সড়কের হীরা ইট ইটভাটার সামনে ইজিবাইকে করে দুইটি মরিচের বস্তার ভিতর করে গাঁজা নিয়ে যাওয়ার সময় মুজিবনগর থানার এস আই সজিবুর রহমানের নেতৃত্বে সঙ্গীয় এএসআই দরবেশ ফকির এএসআই সোহেল রানা, এএসআই সাখাওয়াত হোসেন ও এএসআই ফারজানা খাতুন সহ থানা পুলিশের একটি টিম মরিচের বস্তার ভিতরে ৪ টি পোটলা থেকে ৫ কেজি গাঁজা সহ মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের ফজলুল হক পিন্টু এর ছেলে রাজু আহমেদকে আটক করে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল দত্ত জানান,আটকৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মাদক মামলা রজু করে আগামীকাল তাকে কোর্টে প্রেরণ করা হবে।

মেহেরপুরে মাদকবিরোধী অভিযানে পিতা-পুত্রসহ আটক-৩

মেহেরপুরে এক মাদক বিরোধী অভিযানে পিতা-পুত্র সহ ৩ জনকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল।

আটককৃতরা হলো মেহেরপুর নতুন পোস্ট অফিস পাড়ার মৃত ইউনুস খাঁর ছেলে জনি খাঁ (৪০) তার ছেলে শিশির (২২) ও গোরস্থান পাড়ার আবু হানিফের ছেলে আমিনুল ইসলাম ওরফে এ্যামি(৪৮)।

আজ বুধবার (৬ ডিসেম্বর) সকালে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেমের নেতৃত্বে একটি দল মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রাম থেকে তাদের আটক করে। এসময় তাদের কাছ থেকে ১৭ গ্রাম হেরোইন এবং মাদক পরিবহনে ব্যবহৃত ডিসকভার মোটরসাইকেল উদ্ধার ও জব্দ করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে পরিদর্শক আবুল হাশেম বলেন, ‘উদ্ধারকৃত মাদকের বাজার মূল্য প্রায় ২ লাখ ৫০ হাজার টাকা।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করে আটককৃতদের মেহেরপুর সদর থানায় সোপর্দ করা হয়েছে।’

দর্শনায় ২ লিটার বাংলামদসহ শম্ভু দাস আটক

চুয়াডাঙ্গার দর্শনায় ২ লিটার বাংলামদসহ শ্রী শম্ভু দাস (৩৮) নামের এক ব্যক্তিকে আটক করেছে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে ১ মাসের কারাদণ্ড ও ২শ টাকা জরিমানা করা হয়।

দণ্ডপ্রাপ্ত শম্ভু দাস বলদিয়া গ্রামের নীলমণি দাসের ছেলে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. সাদাত হোসেন। আজ মঙ্গলবার (০৫ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা বলদিয়ায় এ অভিযান পরিচালনা করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদাত হোসেনের নেতৃত্বে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়তউল্লাহ, পরিদর্শক নাজমুল হোসেন খান, উপ-পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন মঙ্গলবার সকালে

দর্শনা থানাধীন বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় বলদিয়া গ্রামের শ্রী শম্ভু দাসের বাড়ি থেকে ৩ লিটার রেক্টিফাইড স্পিরিটসহ তাকে আটক করা হয়। পরে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদাত হোসেন ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২ শ টাকা জরিমানা করেন।